

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৬৮৫

খোয়াই, ৫ জুলাই, ২০২৪

খোয়াই মহকুমায় মিধিলি বাড়ে ক্ষতিগ্রস্ত কৃষকদের আর্থিক সহায়তা
কৃষকদের ব্যাঙ্ক অ্যাকাউন্টে ৫১,৪২,৫০০ টাকা

খোয়াই মহকুমায় গতকাল এক অনুষ্ঠানে মিধিলি বাড়ে ক্ষতিগ্রস্ত কৃষকদের আর্থিক সহায়তা দেওয়া হয়েছে। খোয়াই পঞ্চায়েত সমিতি হলে আয়োজিত এই অনুষ্ঠানের উদ্বোধন করেন খোয়াই জিলা পরিষদের সভাধিপতি জয়দেব দেববর্মা। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিধায়ক পিনাকী দাস চৌধুরী, খোয়াই জিলা পরিষদের কর্মবিষয়ক স্থায়ী কমিটির সভাপতি সুব্রত মজুমদার খোয়াই পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান টিংকু ভট্টাচার্য প্রমুখ। অনুষ্ঠানে খোয়াই কৃষি মহকুমার, ২ হাজার ৫৫৩ জন কৃষকে আর্থিক সহায়তা দেওয়া হয়েছে। ক্ষতিগ্রস্ত কৃষকদের ব্যাঙ্ক অ্যাকাউন্টে সরাসরি ৫১ লক্ষ ৪২ হাজার ৫০০ টাকা দেওয়া হয়। অনুষ্ঠানের উদ্বোধন করে জিলা পরিষদের সভাধিপতি বলেন, কৃষকদের আত্মনির্ভর করে তুলতে সরকার উদ্যোগ নিয়েছে। কৃষকদের আয় দ্বিগুণ করতে নুন্যতম সহায়কমূল্যে বছরে দু'বার ধান ক্রয় করা হচ্ছে। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন খোয়াই পঞ্চায়েত সমিতির ভাইস চেয়ারম্যান। স্বাগত বক্তব্য রাখেন খোয়াই জেলা কৃষি আধিকারিক বিশ্বজিৎ দাস। ধন্যবাদ জ্ঞাপন করেন কৃষি তত্ত্ববিদ্যার শীকান্ত নাথ।
